গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সন্দ্বীপ, চট্টগ্রাম।

অতিবৃষ্টি, বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্থ কৃষকদের পুনর্বাসনঃ

সভাপতি ঃ উপজেলা নির্বাহী অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম।
সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।
সভার তারিখঃ ১৭/১০/২০২৪ খ্রিঃ
সময় ঃ বিকাল ০৩ ঘটিকা
উপস্থিত সম্মানীত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

অদ্য ১৭/১০/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ০৩ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সন্দ্বীপ, চট্টগ্রামে অতিবৃষ্টি, বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্থ কৃষকদের পুনর্বাসন বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম ও সভাপতি, উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা কৃষি অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি-কে সভার কার্যক্রম শুরু করার আহ্বান জানান।

**<u>আলোচ্য বিষয়- ১ ঃ</u>** উপজেলা কৃষি অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম জানান যে, কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার পত্র নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২২-২৪৬ তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০২৪ ও উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, আগ্রাবাদ এর স্মারক নং-১২.১৭.১৫০০.০৪১.০৩৮.০০১.২৪.-২০০১ তাং-০৮/১০/২০২৪ খ্রিঃ তারিখের পত্র মোতাবেক, অতিবৃষ্টি, বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্থ এলাকায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে প্রতি বিঘা জমির জন্য বিনামূল্যে বিভিন্ন জাতের হাইব্রিড শীতকালীন শাকসবজির বীজ, সার ও নগদ অর্থ সহায়তা প্রদান পুনর্বাসন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তিনি কৃষি মন্ত্রণালয়ের প্রেরিত পত্র উপস্থাপন করেন।

**<u>আলোচ্য বিষয়- ২ ঃ</u>** উপজেলা কৃষি অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম জানান যে, পুনর্বাসন কর্মসূচির বাস্তাবায়নের শর্তাবলী অনুয়ায়ী ক্ষতিগ্রস্থ কৃষক প্রতি বিঘা জমিতে শাকসবজি চাষের জন্য শীতকালীন বিভিন্ন ধরণের হাইব্রিড জাতের সবজি বীজ (টমেটো- ৩ গ্রাম, মিষ্টি কুমড়া- ১০ গ্রাম, লাউ- ৫ গ্রাম, মরিচ- ৫ গ্রাম, ব্রোকলি- ২ গ্রাম, বেগুন- ৫ গ্রাম, ফুলকপি- ৫ গ্রাম, বাধাঁকপি- ৫ গ্রাম প্যাকেট) সার ২০ কেজি (১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি) এবং বীজ বপন বাবদ কৃষকের বিকাশ/নগদ/রকেট অথবা যেকোন মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে ১০০০/- (এক হাজার) টাকা পাবেন। পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ মোতাবেক বীজ সংগ্রহ ও বিতরণ করার বিষয়ে উপজেলা কৃষি অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম সভায় উপস্থাপন ও আলোচনা করেন।

**<u>আলোচ্য বিষয় -৩ঃ</u>** উপজেলা কৃষি অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম অদ্যকার সভাকে উপকরণ বিতরনের বিষয়ে আরও জানান যে,

১। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ অতি দ্রুত পুনর্বাসনের আওতায় ক্ষতিগ্রস্থ কৃষকের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি এর দপ্তরে জমা প্রদান করবেন।
২। কর্মসূচীর সকল উপকরন উপজেলা সদর থেকে বিতরণ করা হবে।
৩। ক্ষতিগ্রস্থ তালিকা ভুক্ত কৃষক ছাড়া অন্য কেউ উপকরণ গ্রহন করতে পারবে না বা পক্ষে গ্রহন করতে পারবে না।
৪। ছবিযুক্ত মাস্টাররোলের মাধ্যমে উপকরণ বিতরণ করা হবে।

**<u>সিদ্ধান্ত -১ ঃ</u>** সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, উপজেলা কৃষি অফিসার, আগামী ২৫/১০/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে উপসহকারী কৃষি কর্মকর্তাদের থেকে বিধি মোতাবেক অতিবৃষ্টি, বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্থ কৃষকদের অগ্রাধিকার তালিকা সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

**<u>সিদ্ধান্ত-২ঃ</u>** অতিবৃষ্টি, বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্থ কৃষকদের পুনবার্সন কর্মসূচীর আওতায় বরাদ্দপ্রাপ্ত ২০০০ জন ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের নিম্নলিখিতভাবে ইউনিয়ন/পৌরসভা প্রতি বরাদ্দ প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসারে প্রণোদনার হাইব্রিড বীজ নির্দেশনা মোতাবেক দ্রুত সময়ে কৃষকের মাঝে বিতরণের জন্য সংশ্লিষ্ট বিভিন্ন কমিটি গঠন করে দ্রুত বীজ সংগ্রহের বিষয়ে উপজেলা কৃষি অফিসারকে আহ্বায়ক করে উপজেলা কৃষি অফিসার, সন্দ্বীপ ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটিকে দায়িত্ব প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। এবং সকল প্রকার ক্রয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

অতিবৃষ্টি, বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্থ কৃষকদের পূনবার্সন কর্মসূচীর পৌরসভা/ইউনিয়ন ভিত্তিক বরাদ্দ বিভাজন।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মোট কৃষক সংখ্যা (জন) | কৃষক প্রতি জমির পরিমাণ (বিঘা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | সারিকাইত | ১৫০ | ১ | |
| ০২ | মগধরা | ১৫০ | ১ | |
| ০৩ | মাইটভাঙ্গা | ১০০ | ১ | |
| ০৪ | মুছাপুর | ১৫০ | ১ | |
| ০৫ | হারামিয়া | ১৫০ | ১ | |
| ০৬ | রহমতপুর | ৮০ | ১ | |
| ০৭ | পৌরসভা | ১৫০ | ১ | |
| ০৮ | বাউরিয়া | ১৭০ | ১ | |
| ০৯ | সন্তোষপুর | ১৭০ | ১ | |
| ১০ | গাছুয়া | ১৬০ | ১ | |
| ১১ | কালাপানিয়া | ১৭০ | ১ | |
| ১২ | আমানউল্যা | ৮০ | ১ | |
| ১৩ | হরিশপুর | ১০০ | ১ | |
| ১৪ | আজিমপুর | ৮০ | ১ | |
| ১৫ | উড়িরচর | ৮০ | ১ | |
| ১৬ | দীর্ঘাপাড় | ৬০ | ১ | |
| | মোট= | ২০০০ | ২০০০X১= ২০০০ | |

সিদ্ধান্ত-৩ঃ অতিবৃষ্টি, বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্থ কৃষকদের পুনবার্সন কর্মসূচীর আওতায় বরাদ্দপ্রাপ্ত আগ্রহী ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অগ্রাধিকার দিয়ে তালিকা বিধি মোতাবেক সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সরেজমিনে ব্লক পরিদর্শনপূর্বক দ্রুত প্রস্তুত করে উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক অনুমোদনের জন্য ২৫/১০/২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ০২ ঘটিকার মধ্যে উপজেলা কৃষি অফিসার বরাবর জমা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যান্য কার্যক্রম কৃষি পুনর্বাসন এবং প্রণোদনার বিধি অনুযায়ী সম্পন্ন করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত -৪ ঃ ক) অবশ্যই ক্ষতিগ্রস্থ কৃষককে পুনবার্সন কর্মসূচীর তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। খ) ক্ষুদ ও প্রান্তিক চাষী হতে হবে। গ) তালিকার সাথে কৃষি উপকরন সহায়তা কার্ড, ০২ কপি স্ট্যাম্প সাইজের ছবি দিতে হবে। ঘ) কৃষকের নিজস্ব বিকাশ/নগদ/রকেট অথবা যেকোন মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস থাকতে হবে এবং নিজস্ব মোবাইল নাম্বার ও এন আইডি কার্ডের ফটোকপি দিতে হবে। ঙ) কর্মসূচীর সকল উপকরন উপজেলা সদর থেকে বিতরণ করা হবে । চ) তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কেউ উপকরণ গ্রহন করতে পারবে না বা পক্ষে গ্রহন করতে পারবে না। জ) ছবিযুক্ত মাস্টাররোলের মাধ্যমে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে উপকরণ বিতরণ করা হবে (ঝ) একই কৃষি পরিবারের একজন মাত্র এই কার্যক্রমের জন্য বিবেচ্য হবেন এবং একই অর্থ-বছরে অন্য কোন প্রোগ্রামে অন্তর্ভুক্ত কৃষক এই কার্যক্রমের জন্য বিবেচ্য হবেন না।

সকল ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিবকে অনুরোধ জানানো হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/১০/২৪

(রিগ্যান চাকমা)
উপজেলা নির্বাহী অফিসার
সন্দ্বীপ, চট্টগ্রাম
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি

স্মারক নং- ৬৮৭(২৭) তারিখঃ ২৭/১০/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ
১। জেলা প্রশাসক ও সভাপতি,জেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, চট্টগ্রাম।
২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি চট্টগ্রাম।
৩। উপজেলা ..............................................................কর্মকর্তা, সন্দ্বীপ, চট্টগ্রাম।
৪। জনাব.................................................ম্যানেজার,এসডিআই।
৫। উপসহকারী কৃষি কর্মকর্তা (সকল) সন্দ্বীপ, চট্টগ্রাম।
৬। অফিস নথি।

২৭.১০.২৪

(মোঃ মারুফ হোসেন)
উপজেলা কৃষি অফিসার
সন্দ্বীপ, চট্টগ্রাম
ও
সদস্য-সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি